

২৫ বছরে সিদীপ

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৮-১৯

টেকসই মানব
উন্নয়নের পথে

পরিবর্তনের
উদাহরণ

নবধারা
প্রবর্তন

সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এন্ড প্র্যাকটিসেস (সিদীপ)



টেকসই মানব
উন্নয়নের পথে

পরিবর্তনের
উদাহরণ

নবধারা
প্রবর্তন

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৮-১৯

সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এন্ড প্র্যাকটিসেস (সিদীপ)

**বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯**
সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এন্ড প্র্যাকটিসেস (সিদীপ)

প্রকাশ: সেপ্টেম্বর ২০১৯

প্রচ্ছদের ছবি: এফ, এম, নাফিস রহমান

ডিজাইন ও মুদ্রণ: ইনফ্রা-রেড কমিউনিকেশনস্ লি, ফোন: ৯১২৪৭২

# সূচি


| | |
|---|---|
| আর্থিক সেবা | ১১ |
| শিক্ষা কার্যক্রম | ১৫ |
| স্বাস্থ্যসেবা কর্মসূচি | ২০ |
| সমৃদ্ধি কর্মসূচি | ২৩ |
| গবেষণা ও প্রকাশনা | ২৬ |
| মানব-সম্পদ ব্যবস্থাপনা | ৩০ |
| অন্যান্য কার্যক্রম | ৩২ |
| আর্থিক বিবরণ | ৩৫ |
| নিরীক্ষা | ৪২ |



# চেয়ারম্যানের কথা

দেখতে দেখতে পেরিয়ে গেল আরও একটি বছর। অনেক কাজ ও প্রচেষ্টা। যা অর্জন করেছি ও যা পারিনি তার খতিয়ান নিয়ে বসতে হচ্ছে আবার। অর্জনতো আসলে গ্রামের তৃণমূল মানুষের। তাই বলতে চাই তাদের কথা। আর্থিক সেবা প্রদানের মাধ্যমে জীবন-সংগ্রামী মানুষের অবস্থার কী পরিবর্তন করা সম্ভব হয়েছে সেটাই প্রধান বিবেচ্য। আমাদের প্রতিবেদনে সে কথাই বলতে চেয়েছি।

সিদীপ উন্নয়নকে সার্বিক মানবিক উন্নয়ন ও মর্যাদা প্রতিষ্ঠার দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে। কেবল ঋণ দিয়ে সাময়িক অভাব লাঘবের পরিবর্তে আমরা জীবনের অন্যান্য বিকাশকেও নিশ্চিত করার চেষ্টা করি। তাই আর্থিক অন্তর্ভুক্তির পাশাপাশি আমাদের সদস্য ও সদস্যের বাইরেও সাধারণ মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও অন্যান্য সেবা কার্যক্রম পরিচালনা করি। শিক্ষা সহায়তা কর্মসূচির অধীনে আমাদের শিশুরা বছরের শুরুতে সাংস্কৃতিক অনুষ্ঠান উদযাপন করে, প্রবীণ-প্রবীণাকে সম্মান জানানো শেখে ও এলাকার মানুষকে এই চর্চায় উদ্বুদ্ধ করে। উঠান স্কুলের কার্যক্রমের অংশ হিসেবে তারা প্রকৃতির সঙ্গে তৈরি করে এক আত্মিক বন্ধন। শিশুরাই আমাদের ভবিষ্যৎ, আগামী দিনের নাগরিক ও কর্ণধার।

শিক্ষা কর্মসূচির মতোই স্বাস্থ্যসেবা কর্মসূচিটিও ঋণ কার্যক্রমের কাঁধেভর করে তৃণমূল মানুষের দোরগোড়ায় স্বল্পখরচে প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়ায় ও প্রত্যন্ত গ্রাম পর্যায়ে স্বাস্থ্যসচেতনতা তৈরিতে উদাহরণ সৃষ্টি করতে সক্ষম হয়েছে। আর্থিক সেবা, স্কুলের পাঠে সহায়তা, প্রাথমিক স্বাস্থ্যসেবা ও অন্যান্য সেবা কার্যক্রমের মাধ্যমে আমরা মানবিক উন্নয়ন ও মর্যাদায় প্রতিষ্ঠিত সমৃদ্ধ সমাজের স্বপ্ন দেখি।

আমাদের কাজ সেই লক্ষ্যে। গ্রামের পিছিয়ে পড়া দরিদ্র মানুষের টেকসই আর্থিক ও মানবিক উন্নয়নের জন্য আমাদের সাধনা। আমরা সৃষ্টি করতে চাই পরিবর্তনের উদাহরণ।

**ডঃ আব্বাস ভূঁইয়া**
চেয়ারম্যান

কেবল ঋণ দিয়ে সাময়িক অভাব লাঘবের পরিবর্তে আমরা জীবনের অন্যান্য বিকাশকেও নিশ্চিত করার চেষ্টা করি। তাই আর্থিক অন্তর্ভুক্তির পাশাপাশি আমাদের সদস্য ও সদস্যের বাইরেও সাধারণ মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও অন্যান্য সেবা কার্যক্রম পরিচালনা করি।



আমরা চলেছি সেই গন্তব্যে যেখানে দরিদ্র ও পিছিয়ে পড়া মানুষ কেবল আর্থিক দিক থেকেই নয়, নানারকম মানবিক সৌন্দর্যেও উদ্ভাসিত হয়ে উঠবে। তাদেরই আপন গুণে ও শক্তিতে, আমাদের ভূমিকা মানবমুক্তিতে সমাজের মানুষের পাশে থাকা।

# মুখবন্ধ

উন্নয়নের পথে হাঁটছি ও হাঁটবো। উন্নয়ন বলতে বুঝেছি মানুষের সুপ্ত শক্তি ও প্রতিভাকে বিকাশের সুযোগ করে দিতে সহায়কের ভূমিকা পালন করা। জীবনের পথে মানুষ বিশেষত দরিদ্র জনগোষ্ঠী যে প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা সরিয়ে আপন শক্তিতে তার বিকাশের পথকে উন্মুক্ত করার চেষ্টা করেছি। দরিদ্র মানুষকে বিশেষত গ্রামের নারীদেরকে আর্থিক অন্তর্ভুক্তির আওতায় এনে উন্নয়নের মূল স্রোতোধারার সঙ্গে তাদের সংযোগ স্থাপন করেছি। সামান্য আর্থিক সেবাকে অবলম্বন করে গ্রামের পিছিয়ে পড়া বহু মানুষ জীবন-সংগ্রামে ভাগ্যের চাকা ঘুরিয়ে জীবনকে অর্থবহ করে তুলেছেন। সিদীপ থেকেছে এইসব গ্রামের দরিদ্র মানুষের উন্নয়নের পথযাত্রায় সাথী হয়ে। ভবিষ্যতেও থাকবে তৃণমূল মানুষের উন্নয়ন-সংগ্রামের সাথে।

ক্ষুদ্রঋণ দিয়ে যাত্রা শুরু করলেও আমাদের আর্থিক সেবা এখন আর শুধু ক্ষুদ্রঋণের পর্যায়ে নেই। অতি দরিদ্রদের মাঝে ক্ষুদ্রঋণ থাকলেও আমরা প্রয়োজন মাফিক সঠিক পরিমাণ ঋণ দেয়ায় বিশ্বাসী। যাতে মানুষের কেবল অর্থনৈতিক সংকট দূরের চেষ্টা না করে তার বহুমাত্রিক বিকাশকে বিবেচনা করা হয়। আর্থিক সেবার সঙ্গে আমরা তাই শিক্ষা ও স্বাস্থ্যসেবাকেও একীভূত করেছি। উন্নয়নকে সামগ্রিক দৃষ্টিকোণ থেকে দেখার চেষ্টা করেছি, একপেশে আর্থিক চাহিদা পূরণের দিক থেকে নয়। আমরা চলেছি সেই গন্তব্যে যেখানে দরিদ্র ও পিছিয়ে পড়া মানুষ কেবল আর্থিক দিক থেকেই নয়, নানারকম মানবিক সৌন্দর্যেও উদ্ভাসিত হয়ে উঠবে। তাদেরই আপন গুণে ও শক্তিতে, আমাদের ভূমিকা মানবমুক্তিতে সমাজের মানুষের পাশে থাকা।

গ্রামে উঠানে উঠানে আমাদের শিক্ষাকেন্দ্রে প্রাক-প্রাথমিক, ১ম ও ২য় শ্রেণীর শিশুদের জন্য আমরা যে পাঠ-সহায়তা দিয়ে থাকি তার ফলে নিরক্ষর ও দরিদ্র পরিবারের ছেলেমেয়েরা স্কুলে ভাল ফল করে ও তাদের ঝরে পড়া রোধ হয়। গ্রামেরই কোনো গৃহবধূ বা কলেজ-পড়ুয়া মেয়ে এসব কেন্দ্রে শিক্ষকের ভূমিকা পালন করেন। গ্রামের এমন আড়াই হাজার নারী আমাদের সঙ্গে শিক্ষিকা হিসেবে কাজ করে শিক্ষা সহায়তা কর্মসূচিকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করতে চেষ্টা করে যাচ্ছেন। আমাদের উঠান স্কুলের শিশুরা বছরের শুরুতে নিজ কেন্দ্রে সাংস্কৃতিক উৎসব উদযাপন করে ও স্থানীয় প্রবীণ-প্রবীণাকে সংবর্ধনা দিয়ে এলাকার মানুষের দৃষ্টি কেড়েছে। প্রতি মাসে প্রকৃতি-পাঠে বেরিয়ে তারা প্রকৃতি ও পরিবেশকে ভালবাসতে শিখছে। তৈরি হচ্ছে টেকসই উন্নয়নের সচেতনতা, শিক্ষা ও দৃষ্টিভঙ্গি।

আমাদের উপসহকারী কমিউনিটি মেডিকেল কর্মকর্তারা গ্রামে গ্রামে দরিদ্র মানুষের দোরগোড়ায় পৌঁছে দিচ্ছে প্রাথমিক স্বাস্থ্যসেবা ও সৃষ্টি করছে স্বাস্থ্যসচেতনতা। স্বল্পখরচে ও হাতের কাছেই প্রাথমিক স্বাস্থ্যসেবা লাভ করার ফলে গ্রামের শ্রমজীবী মানুষকে হঠাৎ কোনো স্বাস্থ্যঝুঁকির মুখে পড়ে বিরাট আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে না। আমাদের স্বাস্থ্যসেবা-কর্মীদেরকে তারা পাশে পাচ্ছে প্রাথমিক জরুরি সহায়তা ও পরামর্শের জন্য।

এ বছর আরও প্রায় ৩০ হাজার গ্রামীণ পিছিয়ে পড়া মানুষকে আর্থিক অন্তর্ভুক্তির আওতায় আনার ফলে বর্তমানে আমাদের সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ২,২৭,২৬৯ জন। সঞ্চয় ও ঋণস্থিতি বেড়েছে যথাক্রমে ৫২ কোটি ও ১৩০ কোটি টাকা। এ বছরে মোট ঋণ বিতরণ হয়েছে প্রায় ২,১৭২ কোটি টাকা। সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়িয়েছে ৭৪২ কোটি টাকায়। আর্থিক অন্তর্ভুক্তিকরণে সদস্য, ঋণ বিতরণ, সঞ্চয়, ঋণস্থিতি ইত্যাদি বেড়েছে। সংস্থার নিজস্ব পুঁজি ও মোট সম্পদ বৃদ্ধি পেয়েছে।

সংস্থার শিক্ষা বিষয়ক বুলেটিন শিক্ষালোক নিয়মিত প্রকাশিত হচ্ছে। আবার এ বছর উন্নয়ন ও শিক্ষা বিষয়ক একটি ইংরেজি বুলেটিন KEYNOTES-এর যাত্রা শুরু হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য ও অন্যান্য উন্নয়নমূলক বিষয় নিয়ে সংস্থার বেশ কিছু ভাল প্রকাশনা আছে যা সুধীমহলে প্রশংসা অর্জন করেছে।

দরিদ্র মানুষের হাতে প্রয়োজনীয় সঠিক পরিমাণ ঋণ সরবরাহ করে এবং আনুষঙ্গিক সেবা দিয়ে আমরা আছি ও থাকবো তাদের জীবনের সাথী হয়ে।

**মোহাম্মদ ইয়াহিয়া**
নির্বাহী পরিচালক

## রূপকল্প

আমাদের রূপকল্প হচ্ছে টেকসই মানব উন্নয়নের লক্ষ্যে নবধারা প্রবর্তন এবং পরিবর্তনের উদাহরণ সৃষ্টি।

## VISION

Our Vision is to be the Trend-setter of innovation and change for sustainable human development.

## উদ্দেশ্য

আমাদের উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশে ও বাইরে সুবিধাবঞ্চিত, অনগ্রসর জনগোষ্ঠীকে পরিবেশবান্ধব টেকসই নবধারার উন্নয়ন সেবা দিয়ে ক্ষমতায়িত করে সমাজের মূলধারায় সম্পৃক্ত করা এবং পাশাপাশি ক্ষুদ্র ও ছোট উদ্যোক্তাদের আমাদের সার্বিক উন্নয়ন প্রচেষ্টায় সহায়তা করা।

আমরা বাঁচি পরের ও নিজের জন্য।

## MISSION

Our Mission is to provide environmentally sustainable innovative development services and goods for empowering the excluded and the disadvantaged in order to integrate them in the mainstream of the society in Bangladesh and beyond along with supporting and empowering micro and small entrepreneurs in our overall development endeavors.

Our being is being for others and for ourselves.

## মূল্যবোধ

নবধারা প্রবর্তন
টেকসইতা
অন্তর্ভুক্তিকরণ
ন্যায়পরায়ণতা
সততা ও নিষ্ঠা
দলবদ্ধ কাজের প্রেরণা
স্বচ্ছতা ও দায়বদ্ধতা
মানবিক মর্যাদা

## VALUES

Innovative thinking
Sustainability
Inclusiveness
Fair to all
Honesty and Integrity
Team spirit
Transparency and Accountability
Human dignity

# পরিচালনা ও ব্যবস্থাপনা

## সাধারণ পরিষদ

সংস্থার সকল কর্মকাণ্ডে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সমাজের বিভিন্ন স্তরের/পেশার স্বনামধন্য ও জ্ঞানীগুণী ব্যক্তি এবং স্ব-স্ব ক্ষেত্রে, যেমন - অর্থনীতি, শিক্ষকতা, চিকিৎসা, গবেষণা, ব্যবসা ইত্যাদিতে সফল, নিবেদিত ও নিঃস্বার্থভাবে দারিদ্র্য বিমোচন ও সামাজিক উন্নয়নে অঙ্গীকারবদ্ধ ব্যক্তি সমন্বয়ে সংস্থার দায়বদ্ধতার সর্বোচ্চ স্তর সাধারণ পরিষদ গঠিত হয়েছে।

সিদীপ-এর সর্বোচ্চ নীতি নির্ধারণী পর্যায় সাধারণ পরিষদে বর্তমানে ২১ জন সদস্য আছেন। তাঁদের নাম নিম্নে দেয়া হলো।

ডঃ আব্বাস ভূঁইয়া
জনাব জি.এম. সালেহউদ্দিন আহমেদ
জনাব মোহাম্মদ আবদুল্ল্যাহ্
অধ্যাপক আহমেদ কামাল
অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান
অধ্যাপক সৈয়দ ফখরুল হাসান মুরাদ
সৈয়দ সাঈদউদ্দিন আহ্মেদ

জনাব সালেহউদ্দিন আহমেদ
ডঃ এটিএম ফরিদ
জনাব নার্গিস ইসলাম
জনাব শামা রুখ আলম
অধ্যাপক মাজেদা শফিউল্ল্যা
জনাব শাহজাহান ভূঁইয়া
জনাব মাসুদা বানু ফারুক রত্না

জনাব এম খায়রুল কবীর
জনাব মাহমুদুল কবীর
জনাব শফিকুল ইসলাম
জনাব এ.এফ.এম. শামসুদ্দীন
জনাব সালেহা বেগম
জনাব ইরফানউদ্দিন আহ্মেদ
জনাব এস. আবদুল আহাদ



৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সিদীপের ২৩তম বার্ষিক সাধারণ সভা সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

## পরিচালনা পরিষদ

সংস্থার ৯ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে। বর্তমান পরিচালনা পরিষদে নিম্নোক্ত সদস্যবৃন্দ রয়েছেন।

**চেয়ারম্যান**
ডঃ আব্বাস ভূঁইয়া

**ভাইস চেয়ারম্যান**
জনাব জি.এম সালেহউদ্দিন আহমেদ

**সদস্য**
জনাব নার্গিস ইসলাম
জনাব শামা রুখ আলম
জনাব ইরফানউদ্দিন আহমেদ
জনাব এস. আবদুল আহাদ
ডঃ এটিএম ফরিদ
অধ্যাপক মাজেদা শফিউল্ল্যা

**সচিব/নির্বাহী পরিচালক**
জনাব মোহাম্মদ ইয়াহিয়া



ডঃ আব্বাস ভূঁইয়া
সভাপতি



জনাব জি.এম সালেহউদ্দিন আহমেদ
সহ-সভাপতি



জনাব নার্গিস ইসলাম
সদস্য



জনাব শামা রুখ আলম
সদস্য



জনাব ইরফান উদ্দিন আহ্মেদ
সদস্য



জনাব এস. আবদুল আহাদ
সদস্য



ডঃ এটিএম ফরিদ
সদস্য



অধ্যাপক মাজেদা শফিউল্ল্যা
সদস্য



জনাব মোহাম্মদ ইয়াহিয়া
সচিব

## পরিচালনা পর্ষদ সভা

২০১৮-১৯ অর্থবছরে সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এন্ড প্র্যাকটিসেস-এর গভর্নিং বডির মোট ৬টি সভা সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

# ব্যবস্থাপনা

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংস্থার সার্বিক ব্যবস্থাপনা করে থাকেন। নির্বাহী পরিচালক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে নিয়োজিত কর্মকর্তাদের সাথে নিয়ে সংস্থার যাবতীয় কার্যক্রম পরিচালনা করেন। নিয়ম মাফিক মাসিক ও সাপ্তাহিক মিটিং ছাড়াও প্রয়োজনে তাৎক্ষণিকভাবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সভা অনুষ্ঠিত হয়ে থাকে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সদস্যবৃন্দের নাম ও পদবি নিম্নে দেওয়া হলো।

| কর্মকর্তার নাম | পদবি |
|---|---|
| জনাব মোহাম্মদ ইয়াহিয়া | নির্বাহী পরিচালক |
| জনাব ফজলুল হক খান | পরিচালক (প্রোগ্রাম) |
| জনাব মিফতা নাঈম হুদা | পরিচালক (স্ট্র্যাটেজি এন্ড ডেভেলপমেন্ট) |
| জনাব এ. কে. এম. হাবিব উল্লাহ আজাদ | অতিরিক্ত পরিচালক (প্রোগ্রাম) |
| জনাব মোঃ আবদুল কাদির সরকার | জিএম |
| সৈয়দ লুৎফর রহমান | জিএম (মানবসম্পদ বিভাগ) |
| জনাব এ. কে. এম. শামসুর রহমান | ডিজিএম (ফিন্যান্স এন্ড অ্যাকাউন্টস) |
| ডা. এ. কে. এম. আব্দুল কাইয়ুম | ডিজিএম (হেলথ) |
| জনাব মোঃ আবুল হোসেন | এজিএম (প্রশিক্ষণ বিভাগ) |

| কর্মকর্তার নাম | পদবি |
|---|---|
| জনাব মোঃ তারিকুল ইসলাম | এজিএম (স্পেশাল প্রোগ্রাম) |
| জনাব শান্ত কুমার দাস | এজিএম (ক্রেডিট প্রোগ্রাম) |
| জনাব দীপ কুমার রায় মৌলিক | এজিএম (আইটি) |
| জনাব সচ্চিদানন্দ দাশ | ম্যানেজার (ফিন্যান্স এন্ড অ্যাকাউন্টস) |
| জনাব আবু খালেদ | ম্যানেজার (ক্রেডিট প্রোগ্রাম) |
| জনাব নূরুন নবী সেখ | ম্যানেজার (ক্রেডিট প্রোগ্রাম) |
| জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম | ম্যানেজার (ক্রেডিট প্রোগ্রাম) |
| জনাব মোঃ রেজওয়ানুল করিম | ম্যানেজার (এমআইএস) |
| জনাব মোঃ বদরুল আলম | ম্যানেজার (মাইক্রো-এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট) |



# প্রতিবেদনের সার-সংক্ষেপ : ২০১৮-১৯

২০১৮-১৯ অর্থবছরটিতে সিদীপ চব্বিশ বছর পূর্ণ করলো এবং এ সময়ে সংস্থার কর্মকাণ্ডের নানাক্ষেত্রে কিছু ভাল অর্জন আছে। এ অর্থবছরে বিভিন্ন কার্যক্রমের কিছু উল্লেখযোগ্য দিক খুব সংক্ষেপে নিচে উল্লেখ করা হলো।

## আর্থিক অন্তর্ভুক্তি ও সেবা

২০১৮-১৯ অর্থবছর শেষে সিদীপের কর্মকাণ্ড ১৯টি জেলার ১১৮টি উপজেলায় মোট ৪,৮৯২টি গ্রামে বিস্তৃতি লাভ করেছে। একই সঙ্গে ১৬২টি শাখার মাধ্যমে বিগত বছরের ১,৯৮,৩৫৯ জন সদস্য বৃদ্ধি পেয়ে বর্তমান বছরে ২,২৭,২৬৯ জন সদস্যে উন্নীত হয়েছে। অর্থাৎ এ বছর আরও প্রায় ৩০ হাজার গ্রামীণ পিছিয়ে পড়া মানুষ আর্থিক অন্তর্ভুক্তির আওতায় এসেছেন।

বর্তমান অর্থবছরে ঋণ বিতরণ করা হয়েছে ১,১৮৫.০৫ কোটি টাকা যা বিগত অর্থবছরে ছিল ৯৮৬.৭৪ কোটি টাকা। অর্থাৎ এ বছরে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ২০.১০%।

বিগত অর্থবছরে মোট ঋণের স্থিতি ছিল ৫১০.৩৮ কোটি টাকা যা বর্তমান অর্থবছরে বেড়ে দাঁড়িয়েছে ৬৪০.৫৬ কোটি টাকা। অর্থাৎ গত বছরের তুলনায় ঋণস্থিতিও বৃদ্ধি পেয়েছে ২৫.৫১%।

বিগত অর্থবছরে মোট সঞ্চয়ের পরিমাণ ছিল ২৪৬.৭২ কোটি টাকা। বর্তমান অর্থবছরে আরও ৫২.০৩ কোটি টাকা বৃদ্ধি পেয়ে মোট সঞ্চয়ের স্থিতি হয়েছে ২৯৮.৭৫ কোটি টাকা।

বিগত অর্থবছরে মোট আদায়ের পরিমাণ ছিল ৯২৮.৫৫ কোটি টাকা। এ বছরে সঠিক সময়ে আদায়ের হার ৯৯%। এই অর্থবছরে আদায় ১২৬.৩২ কোটি টাকা বৃদ্ধি পেয়ে মোট আদায় ১,০৫৪.৮৭ কোটি টাকায় উন্নীত হয়েছে।

বিগত অর্থবছরে খেলাপির পরিমাণ ছিল ৩.৪৬ কোটি টাকা। এ অর্থবছর শেষে মোট খেলাপি ঋণের পরিমাণ হয়েছে ৭.৪৬ কোটি টাকা – যা মোট ঋণস্থিতির ১.১৬%।

জুন ২০১৯ পর্যন্ত সংস্থার কু-ঋণ সঞ্চিতি খাতে ১২.০১ কোটি টাকা হিসাবভুক্ত করে রাখা হয়েছে, যদিও এর বিপরীতে বর্তমান খেলাপির পরিমাণ হচ্ছে মাত্র ৭.৪৬ কোটি টাকা – যা কু-ঋণ সঞ্চিতির মাত্র ৬০.৯৯%।

এ বছরে নতুন কোন শাখা খোলা হয়নি। তবে বিগত বছরে চলমান ১৬২টি শাখার মাধ্যমে সকল কার্যক্রমের পরিমাণগত ও গুণগত মানের উন্নয়ন হয়েছে।

এ অর্থবছর শেষে শাখা-প্রতি ঋণস্থিতি দাঁড়িয়েছে ৪.৫৪ কোটি টাকা যা গত বছরের (৩.৬২) তুলনায় ২৫.৪১% বেশি। একইভাবে শাখা-প্রতি সঞ্চয়ের স্থিতি দাঁড়িয়েছে ২.১২ কোটি টাকা যা গত বছরের (১.৭৫) তুলনায় ২১.০৯% বেশি। অন্যদিকে এ বছরে প্রতি মাঠকর্মীর ঋণস্থিতি দাঁড়িয়েছে ৭৫.৮১ লক্ষ টাকা এবং প্রতি মাঠকর্মীর সঞ্চয় স্থিতি দাঁড়িয়েছে ৩৫.৩৬ লক্ষ টাকা।

## শিক্ষা কর্মসূচি

এ বছর শিক্ষা সহায়তা কর্মসূচিতে ২,৪২১টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে শিশুকে পাঠদান করা হচ্ছে। একই সঙ্গে এ বছরেও ১৯টি মডার্ন স্কুল চলমান রয়েছে।

## স্বাস্থ্যসেবা কর্মসূচি

এ অর্থবছরে স্বাস্থ্যসেবা কর্মসূচির আওতায় ১০০টি শাখার মাধ্যমে ২২,৬৯০ জন শিশুসহ সর্বমোট ৪,৩৮,১৯৩ জন রোগীকে নানা ধরনের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং এই সেবার মান ও উপকারভোগীর সংখ্যা বাড়ছে।

## সমৃদ্ধি কর্মসূচি

পিকেএসএফের তত্ত্বাবধানে ব্রাহ্মণবাড়িয়ায় ২টি ইউনিয়নের ২টি 'সমৃদ্ধি' কর্মসূচি বাস্তবায়ন হচ্ছে এবং এর আওতায় বহুমুখী সামাজিক সেবা কার্যক্রম চলছে। এই কর্মসূচির মূল চেতনা– উন্নয়নের কেন্দ্রে মানুষ।

এ অর্থবছরে স্বাস্থ্যসেবা কর্মসূচির আওতায় ১০০টি শাখার মাধ্যমে ২২,৬৯০ জন শিশুসহ সর্বমোট ৪,৩৮,১৯৩ জন রোগীকে নানা ধরনের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং এই সেবার মান ও উপকারভোগীর সংখ্যা বাড়ছে।

## গবেষণা ও প্রকাশনা

এ অর্থবছরে শিক্ষা সহায়তা কর্মসূচির অগ্রগতি, অন্তর্ভুক্তির কৌশল ও মানসম্মত শিক্ষায় এ কর্মসূচির অবদান সম্পর্কে দুটি অনুসন্ধানী পর্যালোচনা সম্পন্ন হয়েছে। এছাড়া Financial Inclusion Enabling Piggyback Primary Health Care And Education Support Services শীর্ষক একটি কোয়ালিটেটিভ গবেষণা পরিচালনা করে তার প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে।

এ অর্থবছরে ৩টি গুরুত্বপূর্ণ বই প্রকাশিত হয়েছে। প্রথমবারের মতো 'সিদীপ সংবাদ'-এর ২টি সংখ্যা প্রকাশিত হয়েছে। শিক্ষা বিষয়ক বুলেটিন 'শিক্ষালোক'-এরও ৪টি সংখ্যা প্রকাশিত হয়েছে। এছাড়া Education and Devlopment Keynotes নামে একটি বুলেটিন প্রথমবারের মতো প্রকাশ করা হয়েছে।

## মানব-সম্পদ ও প্রশিক্ষণ

নতুন নিয়োগ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়ে এ অর্থবছর শেষে মোট জনবল ৪,৭১২ জনে উন্নীত হয়েছে। এ বছরে বিভিন্ন পর্যায়ে ২৭২ জনকে নিয়োগ এবং ১০১ জনকে পদোন্নতি দেওয়া হয়েছে। এছাড়া ৫৯,৬৫৩ জনকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

এ বছরে সংস্থার আর্থিক স্বয়ম্ভরতা অর্জিত হয়েছে ১৪৬.৮০% অন্যদিকে কার্যক্রমের স্বয়ম্ভরতা দাঁড়িয়েছে ১৩৮.৯১%

## অন্যান্য কর্মসূচি

প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থ দ্রুত তাদের পরিবার বা আত্মীয়-স্বজনের কাছে পৌঁছে দিতে এ অর্থবছরে ৩৪১ জন গ্রাহককে প্রদানকৃত টাকার পরিমাণ ছিল ৯,৫০৬,৮৮১।

এ বছরে ৬৯টি শাখার মাধ্যমে ১.১৭ কোটি টাকার সোলার হোম সিস্টেম (SHS) নগদে ও কিস্তিতে বিক্রয় হয়েছে এবং ৪,০২২টি পরিবার এ সুবিধা প্রাপ্ত হয়েছে। এছাড়া মানুষের জীবন-যাত্রার মান উন্নত করার লক্ষ্যে ৯৮টি শাখায় সামাজিক ভোগ্যপণ্য বিক্রয় কার্যক্রম পরিচালিত হচ্ছে।

সমাজের নানা ধরনের অবক্ষয়রোধে পিকেএসএফ-এর সহায়তায় ব্রাহ্মণবাড়িয়া ও নারায়ণগঞ্জ জেলার সকল উপজেলায় সারা বছরব্যাপী বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড বাস্তবায়ন করেছে। এ দুটি জেলার প্রায় সাড়ে তিন হাজার শিক্ষার্থী বিভিন্ন সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচিতে অংশগ্রহণ করেছে।

## নিরীক্ষা কার্যক্রম

সিদীপের বার্ষিক সাধারণ সভায় নিয়োগকৃত বহিঃনিরীক্ষক সংস্থা নিরীক্ষা করে থাকেন। এছাড়া পিকেএসএফ তার অভ্যন্তরীণ ও তাদের নিয়োগকৃত বহিঃনিরীক্ষকের মাধ্যমে সংস্থার নিরীক্ষা করেছে। আবার সিদীপের অভ্যন্তরীণ নিরীক্ষার মাধ্যমে এ অর্থবছরে সংস্থার শাখায় ১৬২টি সাধারণ এবং ১৩৭টি সার্বিক নিরীক্ষা সম্পন্ন হয়েছে।

## সংস্থার আর্থিক অবস্থা

এ বছরে সংস্থার আর্থিক স্বয়ম্ভরতা অর্জিত হয়েছে ১৪৬.৮০% যা বিগত বছরে ছিল ১৭৭.৫৩%। অন্যদিকে কার্যক্রমের স্বয়ম্ভরতা দাঁড়িয়েছে ১৩৮.৯১% যা বিগত বছরে ছিল ১৬৮.৮৬%।

এ অর্থবছরে সর্বমোট আয় হয়েছে ১৫১.৫৩ কোটি টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১০৯.০৯ কোটি টাকা। ফলশ্রুতিতে এ অর্থবছরে উদ্বৃত্ত তৈরি হয়েছে ৪২.৪৫ কোটি টাকা।

এ অর্থবছর শেষে সংস্থার ক্ষুদ্রঋণে সর্বমোট বিনিয়োগ দাঁড়িয়েছে ৬৪০.৫৬ কোটি টাকা (আসল)। এছাড়া ব্যাংকে স্থায়ী আমানত, গভ. ট্রেজারি বন্ড এবং এসটিডি হিসাবে বিনিয়োগকৃত ৬১.৯৪ কোটি টাকাসহ এ অর্থবছরে সর্বমোট বিনিয়োগ দাঁড়িয়েছে ৭০২.৫ কোটি টাকা।

জুন ২০১৯-এ সিদীপের মোট দায় রয়েছে ৪৬৫ কোটি টাকা এবং এর বিপরীতে সংস্থার সম্পত্তি দাঁড়িয়েছে ৭৪২.৩৬ কোটি টাকা। এক্ষেত্রে দায়-সম্পত্তির হার ৬২.৬৩% যা বিগত বছরে ছিল ৬০.৪১%। বর্তমানে সংস্থার তহবিল পর্যাপ্ততা ৩৮.৫৫% যা বিগত জুন ২০১৮-এ ছিল ৪০.৮৫%।

# আর্থিক সেবা

সংস্থা বিভিন্ন ধরনের ঋণ সেবা প্রদান করছে। যেমন: জাগরণ ঋণ, অগ্রসর ঋণ, বুনিয়াদ ঋণ, সুফলন ঋণ, সোলার ঋণ, জীবনমান উন্নয়ন ঋণ এবং এসএমএপি ঋণ। উদ্যোক্তার প্রকল্পে বিনিয়োগ এবং ঐ প্রকল্পে তার কি পরিমাণ ঋণ চাহিদা আছে তার ওপর ভিত্তি করে ঋণ প্রদান করা হয়



## আর্থিক অন্তর্ভুক্তিকরণ

সিদীপ বাংলাদেশের ১৯টি জেলার ১১৮টি উপজেলার ১১০৬টি ইউনিয়ন/পৌরসভায় এবং ৪৮৯২টি গ্রামে ১৬২টি শাখার মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালনা করছে। উক্ত ঋণ কার্যক্রমের আওতায় ক্ষুদ্র ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে তাদের নিজস্ব উদ্যোগ/কর্মকাণ্ডের ওপর ভিত্তি করে সংস্থা বিভিন্ন ধরনের ঋণ সেবা প্রদান করছে। যেমন: জাগরণ ঋণ, অগ্রসর ঋণ, বুনিয়াদ ঋণ, সুফলন ঋণ, সোলার ঋণ, জীবনমান উন্নয়ন ঋণ এবং এসএমএপি ঋণ। উদ্যোক্তার প্রকল্পে বিনিয়োগ এবং ঐ প্রকল্পে তার কি পরিমাণ ঋণ চাহিদা আছে তার ওপর ভিত্তি করে ঋণ প্রদান করা হয়। ঋণ প্রদানের পূর্বে গ্রহণকৃত ঋণ পরিশোধের বিষয়টি বিবেচনা করা হয়।

## ঋণ কার্যক্রমের অনুপাত বিশ্লেষণ

সিদীপ ক্ষুদ্রঋণ কার্যক্রমের পরিমাণ বা সংখ্যাগত বৃদ্ধির পাশাপাশি গুণগতমানকে গুরুত্ব দিয়ে থাকে। তাই বিগত অর্থবছরের (২০১৭-২০১৮) সাথে চলতি অর্থবছরের (২০১৮-২০১৯) পরিমাণগত ও গুণগতমানের তুলনামূলক বিশ্লেষণ উপস্থাপন করা হলো।

| ক্র. নং | বিবরণ | ক্রমপুঞ্জিভূত অবস্থান | |
|---|---|---|---|
| | | অর্থবছর : ২০১৭-২০১৮ | অর্থবছর : ২০১৮-২০১৯ |
| ১ | OTR (On Time Recovery Rate) | ৯৮.৭৮ | ৯৯.৪৭ |
| ২ | CRR (Cumulative Recovery Rate) | ৯৯.৮২ | ৯৯.৮৬ |
| ৩ | PAR (Portfolio at Risk) | ১.৩৬ | ১.৩৯ |
| ৪ | কর্মী: স্টাফ (%) | ৫৬.২৬ | ৫৬.৩৩ |
| ৫ | সদস্য: ঋণী (%) | ৮৫.১০ | ৮৩.৬৫ |
| ৬ | কর্মী: সদস্য | ২৩৪.৯৮ | ২৬৮.৯৬ |
| ৭ | কর্মী: ঋণী | ২০৭.৬৩ | ২২৪.৯৮ |
| ৮ | কর্মী: সঞ্চয় (লক্ষ) | ৩০.৩৫ | ৩৫.৩৬ |
| ৯ | কর্মী: ঋণস্থিতি (কোটি) | ০.৬৩ | ০.৭৬ |
| ১০ | সঞ্চয়: ঋণস্থিতি (%) | ৪৮.৪০ | ৪৬.৭৯ |
| ১১ | ঝুঁকিপূর্ণ ঋণী (%) | ১.৫৯ | ১.৬৫ |

## ঋণ কার্যক্রমের অগ্রগতি

ক্ষুদ্রঋণ কার্যক্রমের বিস্তৃতি ও পরিমাণের দিক থেকে সিদীপ প্রতি বছরের মত এবারও সামনের দিকে এগিয়ে যাচ্ছে। বিগত অর্থবছরের তুলনায় বর্তমান অর্থবছরে অগ্রগতি নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্র. নং | বিবরণ | অবস্থান : জুন ২০১৮ | অবস্থান : জুন ২০১৯ |
|---|---|---|---|
| ১ | ব্রাঞ্চ | ১৫৬ | ১৬২ |
| ২ | মোট স্টাফ | ১৪৪৫ | ১৫০০ |
| ৩ | মোট মাঠ কর্মী | ৮১৩ | ৮৪৫ |
| ৪ | সদস্য সংখ্যা | ১,৯৮,৩৫৯ | ২,২৭,২৬৯ |
| ৫ | ঋণী সংখ্যা | ১,৬৮,৮০২ | ১,৯০,১০৪ |
| ৬ | মোট সঞ্চয়স্থিতি (লক্ষ টাকা) | ২৪,৬৭২ | ২৯,৮৭৫ |
| ৭ | মোট ঋণস্থিতি (লক্ষ টাকা) | ৫১,০৩৮ | ৬৪,০৫৬ |
| ৮ | বকেয়া (জন) | ২,৫৪০ | ৩,০০৫ |
| ৯ | বকেয়া (লক্ষ টাকা) | ৩৪৬ | ৭৪৬ |
| ১০ | মোট বিতরণ (লক্ষ টাকা) | ৯৮,৬৭৪ | ১,১৮,৫০৫ |
| ১১ | প্রতি টাকা ঋণ বিতরণের ব্যয় | ০.০৭ | ০.০৯ |
| ১২ | উদ্বৃত্ত (লক্ষ টাকা) | ১৯,৪০৯ | ২২,৮২৪ |
| ১৩ | কার্যক্রম স্বয়ম্ভরতা | ১৬৮.৮৬% | ১৩৮.৯১% |



# সৈয়দাবাদের হ্যাপি আজ সত্যিই সুখী

সাল ২০১১। ব্রাহ্মণবাড়িয়া জেলার ধরখার শাখায় সৈয়দাবাদ গ্রামের জাকির হোসেনের স্ত্রী হ্যাপি আক্তার যখন তিনজন সন্তান নিয়ে সংসার চালাতে হিমশিম খাচ্ছিলেন তখন তার এক প্রতিবেশী একটি গাভী বিক্রি করবে শুনে গাভীটি কিনতে মনস্থির করেন। হাতে ছিল বাবার বাড়ি থেকে পাওয়া ৩০ হাজার টাকা। কিন্তু বিপত্তি ঘটল যখন প্রতিবেশী গাভীটি ৪০ হাজার টাকার কমে কিছুতেই বিক্রি করবেন না। হ্যাপি আক্তারের মনে তখন রাজ্যের হতাশা। এ সময় আশার আলো নিয়ে তার পাশে দাঁড়ালো সিদীপ। সিদীপের সদস্য হয়ে ১০ হাজার টাকা সিদীপ থেকে ঋণ নিয়ে তিনি কিনে ফেলেন গাভীটি।

সেই থেকে সিদীপের সাথে তার পথ চলা কিংবা তার পাশে সিদীপের। দারুণ বুদ্ধিমতী আর অদম্য হ্যাপি আক্তার গাভীর দুধ বিক্রি করে নিয়মিত কিস্তির টাকা পরিশোধ করতে লাগলেন এবং তার পাশাপাশি তৈরি করলেন নিজের মধ্যে সঞ্চয়ের প্রবণতা। যত কষ্টই হোক তিনি কিস্তি দিতে কখনো বিলম্ব করেননি। আর তাতে করে জয় করে নিয়েছেন সিদীপের আস্থা। তিনি বুঝতে পেরেছিলেন লেনদেন ভাল থাকলে ভবিষ্যতে আরো সহযোগিতা পাবেন। তিনি পেয়েছেনও।

সেই শুরুর পর থেকে কখনো ৫০ হাজার, কখনো ৮০ হাজার, কখনো ৭০ হাজার, আবার সর্বোচ্চ ১ লাখ টাকা পর্যন্ত সিদীপ থেকে ঋণ সহায়তা নিয়েছেন। এই ঋণের টাকায় তিনি ঋণগ্রস্ত হয়ে পড়েননি বরং শিখে গিয়েছেন কিভাবে তার পরিকল্পিত ব্যবহারের মাধ্যমে অবস্থার পরিবর্তন ঘটানো যায়।

একদিন যে হ্যাপি আক্তার সামান্য পুঁজির অভাবে কোনো উদ্যোগে হাত দিতে পারছিলেন না, আজ এই আট বছরে তার গোয়ালে রয়েছে ৬টি গাভী ও ৪টি বাছুর। বিক্রি করেছেন প্রায় ৫ লাখ টাকার গরু এবং চাষের জমি কিনেছেন ৬ লাখ টাকার। তার খোঁয়াড়ে আছে ১৭টি হাঁস এবং ২০টি মুরগি।

শুধু তাই নয়, একজন দক্ষ সংগঠক হয়ে একত্রিত করেছেন তার ৬ জন জা'কে। সবার কাছ থেকে পনের শো টাকা করে চাঁদা তুলে নিজেদের পুকুরে ছেড়েছেন বিভিন্ন প্রজাতির ১০ হাজার টাকার মাছের পোনা। যা থেকে তারা ২ বছরে আয় করেছেন প্রায় ২ লাখ ৫০ হাজার টাকা এবং মিটিয়েছেন সকলের পরিবারের মাছের চাহিদাও।

অভিজ্ঞতা বর্ণনা করতে করতে একসময় হ্যাপি আক্তারের গলাটা ধরে আসছিল, চোখের কোণে চিকচিক করছিল জল। এই জল কষ্টের নয়, কষ্ট জয় করার, সুখের। নিজেকে খুঁজে পাওয়ার। হ্যাপি আক্তারদের ভালবাসায় এগিয়ে যায় সিদীপ, যে পাশে দাঁড়ায় হাজারো হ্যাপি আক্তারের।

# বিভিন্ন ধরনের আর্থিক সেবা

সিদীপ সদস্যদের ঋণের চাহিদা বিবেচনা করে বাস্তব অবস্থার নিমিত্তে বিভিন্ন ধরনের ঋণ বিতরণ করে থাকে। খাতভিত্তিক বিভিন্ন ঋণের তথ্য নিম্নে উপস্থাপন করা হলো।

| ক্র. নং | বিবরণ | জুলাই '১৭ হতে জুন '১৮ পর্যন্ত ঋণ বিতরণ (লক্ষ টাকা) | | | জুলাই '১৮ হতে জুন '১৯ পর্যন্ত ঋণ বিতরণ (লক্ষ টাকা) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | জন | টাকা (পরিমাণ) | ঋণস্থিতি | জন | টাকা (পরিমাণ) | ঋণস্থিতি |
| ১ | জাগরণ (সাধারণ) | ১,২০,৩৭৭ | ৩৬,৬০৯.৮২ | ১৭,৮৪২.১৮ | ১,৩১,১০২ | ৪৩,৪১১.১৮ | ২৫,২৮২.৩৯ |
| ২ | অগ্রসর (উদ্যোক্তা) | ৬৬,৫৯৮ | ৫৭,৮৪০.৭৭ | ৩০,৯১১.৫৫ | ৭০,৬৩১ | ৬৬,৪৬১.১৯ | ৩৪,১৬১.১৪ |
| ৩ | বুনিয়াদ (হতদরিদ্র) | ৩৪৬ | ৭২.২১ | ৫১.৮১ | ৭৩৪ | ১৪৬.৫৭ | ৯২.১৪ |
| ৪ | সুফলন (মৌসুমী) | ৯,২৫৬ | ২,৪০০.৮০ | ১,০৯১.৩৬ | ৯,৬৬৩ | ২,৪২৩.৯০ | ৫৮২.১৫ |
| ৫ | এসএমএপি (কৃষিখাত) | ৫,১৯২ | ১,২৮৫.৫৯ | ৮২৮.৩৩ | ১৬,২৬৪ | ৪,৪৯৯.৬৫ | ৩,০৬৯.৮৬ |
| ৬ | সমৃদ্ধি-আইজিএ | ৬৯১ | ৩৫৬.৩৪ | ২৪৯.৬৭ | ১৫৫৩ | ৭৩৮.৫৫ | ৩৮৮.১৬ |
| ৭ | সোলার | ৭৮৬ | ১০৮.৬১ | ৬২.৩৯ | ৬০১ | ৮৫.৩২ | ৩৮.০৭ |
| ৮ | জীবনমান উন্নয়ন | - | - | - | ৩,৫৫০ | ৭৩৮.৪০ | ৪৪১.৮১ |
| | মোট | ২,০৩,২৪৬ | ৯৮,৬৭৪.১৪ | ৫১,০৩৭.৯৬ | ২,৩৪,০৯৮ | ১,১৮,৫০৪.৭৬ | ৬৪,০৫৫.৭২ |

# সঞ্চয় কার্যক্রম

সমিতিবদ্ধ দরিদ্র জনগোষ্ঠিকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করার পাশাপাশি তাদের প্রদত্ত সঞ্চয় জমার মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একত্রিত করে সদস্যদের পুঁজি গঠনের লক্ষ্যে সংস্থায় তিন ধরনের সঞ্চয় প্রোডাক্ট চালু রয়েছে। বাধ্যতামূলক সঞ্চয় (সাধারণ) সমিতির সভায় সদস্যরা কিস্তির সাথে জমা করে থাকেন। স্বেচ্ছা সঞ্চয় সদস্যগণ যে কোন সময় যে কোন পরিমাণ জমা করার পাশাপাশি অফিস চলাকালীন সময়ে উত্তোলন করতে পারেন। মেয়াদী সঞ্চয় দু ধরনের: ১. মাসিক মেয়াদী সঞ্চয়ে সদস্য মাসের একটি নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পরিমাণ সঞ্চয় জমা করে থাকেন। ২. নির্দিষ্ট সময়ের জন্য এককালীন জমা।

প্রোডাক্টভিত্তিক সঞ্চয় বৃদ্ধির পরিমাণ নিম্নে উল্লেখ করা হলো।

| ক্র. নং | বিবরণ | অগ্রগতির ক্রমপুঞ্জিভূত অবস্থান | |
|---|---|---|---|
| | | জুন ২০১৮ (লক্ষ টাকা) | জুন ২০১৯ (লক্ষ টাকা) |
| ১ | বাধ্যতামূলক (সাধারণ) | ১৬,৭৩১.৭৬ | ১৮,৯৫৮.৩১ |
| ২ | স্বেচ্ছা | ২,৭৫৪.৯৪ | ৪,১২৩.৩৫ |
| ৩ | মেয়াদী (মাসিক) | ৪,৮৬৬.৪৬ | ৬,৪৬১.৭৩ |
| ৩.১ | মেয়াদী (এফডিআর) | ৩১.৮৫ | ৩৩১.৬০ |
| | মোট | ২৪,৬৭১.৬৭ | ২৯,৮৭৪.৯৯ |

# ক্ষুদ্রঝুঁকি ও সদস্য কল্যাণ তহবিলের ব্যবহার

বর্তমান অর্থবছরে ক্ষুদ্রঝুঁকি ও সদস্য কল্যাণ তহবিল খাতে ১% হারে মোট ১১,৯৩,৮৮,২৭৯ টাকা আদায় হয়েছে এবং ব্যয় হয়েছে ৮,১২,৯৪,৩২০ টাকা। এ তহবিলে ক্রমপুঞ্জিভূত মোট স্থিতির জমার পরিমাণ ২০,১২,২৯,৪৩৩ টাকা।

এ অর্থবছরে মোট ১,৫৭৯ জন মৃত্যুবরণ করায় দাফন-কাফন এবং সৎকারের জন্য এই তহবিল থেকে মোট ৭৮,৯৫,০০০ টাকা ঐসব পরিবারগুলোকে প্রদান করা হয়েছে। সংস্থার নীতিমালা অনুযায়ী সদস্য বা তার স্বামী মারা গেলে তাদের অপরিশোধিত ঋণ মওকুফ করা হয়। তাদের জন্য এ বছর সর্বমোট ৪,৮৮,৭২,৯১৫ টাকা মওকুফ করা হয়েছে। ঋণ গ্রহণের পর বন্যা, খরা, প্রাকৃতিক দুর্যোগ, মহামারি, আগুনে পোড়া, শারীরিক অক্ষমতা, মানসিক বিকারগ্রস্ত হয়ে পড়া, অঙ্গহানি, দুরারোগ্য ব্যাধি, কুষ্ঠরোগ, দীর্ঘদিন যাবৎ অসুস্থ হয়ে পড়ে থাকা, বিভিন্ন কারণে এলাকা ত্যাগ ইত্যাদি কারণে প্রকল্প নষ্ট হয়ে যাওয়ার ফলে মোট ৬০০ জনকে ১,৬০,১৮,৫৪৪ টাকা ঋণ মওকুফ করা হয়েছে।

# শিক্ষা কার্যক্রম

শিক্ষার্থী ঝরে পড়ার অন্যতম একটি
প্রধান কারণ চিহ্নিত করতে পেরেছিল
সিদীপ। এরই প্রেক্ষাপটে একটি
অশিক্ষিত ও দরিদ্র মা-বাবার প্রাথমিক
বিদ্যালয়গামী শিশুর পরের দিনের
ক্লাসের পড়া তৈরি করে দেয়াই ছিল
এই কর্মসূচির লক্ষ্য। এজন্য বেছে
নেয়া হয় প্রাক-প্রাথমিক শ্রেণি থেকে
দ্বিতীয় শ্রেণির ছাত্রছাত্রীদের

# শিক্ষা সহায়তা কর্মসূচি (শিসক)

২০১৯ সালের ১ এপ্রিল সিদীপের শিক্ষা সহায়তা কর্মসূচি (শিসক) পনেরো বছরে পা রেখেছে। স্কুল থেকে ঝরে পড়া রোধে সরকারের প্রাথমিক শিক্ষা কার্যক্রমকে সহায়তার উদ্দেশ্যেই মূলত সিদীপ এই কর্মসূচি শুরু করেছিল। এই শিক্ষার্থী ঝরে পড়ার অন্যতম একটি প্রধান কারণ চিহ্নিত করতে পেরেছিল সিদীপ। এরই প্রেক্ষাপটে একটি অশিক্ষিত ও দরিদ্র মা-বাবার প্রাথমিক বিদ্যালয়গামী শিশুর পরের দিনের ক্লাসের পড়া তৈরি করে দেয়াই ছিল এই কর্মসূচির লক্ষ্য। এজন্য বেছে নেয়া হয় প্রাক-প্রাথমিক শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণির ছাত্রছাত্রীদের। ব্যাপক সফলতার পর পিকেএসএফের অনেক শরিক উন্নয়ন সংস্থা ও 'আশা' এই কর্মসূচি অনুসরণ করে এটির ব্যাপ্তি অনেক বাড়িয়ে তুলেছে।

দীর্ঘদিনের অব্যাহত প্রয়াসে এই শিক্ষা সহায়তা কর্মসূচি সংস্থার কর্ম-এলাকার মানুষের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। নতুন নতুন মাত্রা যোগ করে গ্রামীণ শিশুদের শিক্ষা-স্বাস্থ্য-মননের বিকাশে শিসক এখন এক উদাহরণ। গ্রামের সকল শ্রেণি-পেশার মানুষকে শিশুশিক্ষার পৃষ্ঠপোষকতায় উদ্বুদ্ধ করতে অনেকটাই সফল হয়েছে এই শিক্ষা কর্মসূচি। একে সময়োপযোগী এবং আরো বেশি শিশু-বিকাশ-বান্ধব করে তোলার লক্ষ্যে এ কর্মসূচিতে একে একে যোগ হয়েছে পরিষ্কার-পরিচ্ছন্নতা চর্চা, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রবীণ সংবর্ধনা এবং প্রকৃতি পাঠ।

## পরিকল্পনা ও বাস্তবায়ন

২০১৮-'১৯ অর্থবছরে শিসক বাস্তবায়ন এবং একে আরো কার্যকর করে তোলার জন্য বেশকিছু পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, যার অধিকাংশই বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। পরিকল্পনা ছিল ২০১৯ সালের জানুয়ারির ১ তারিখে ১২৬টি শাখায় ২০টি করে শিক্ষাকেন্দ্র, অর্থাৎ মোট ২,৫২০টি শিক্ষাকেন্দ্র চালু করা এবং প্রতিটি শিক্ষাকেন্দ্রে ২০ থেকে ৩০ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। পরিকল্পনা অনুযায়ী জানুয়ারিতে ২,৫২০টি শিক্ষাকেন্দ্র চালু করা সম্ভব হলেও শিক্ষিকাদের বিয়ে হয়ে অন্যত্র চলে যাওয়া, অসুস্থতা ইত্যাদি কারণে জুন মাস নাগাদ এ সংখ্যা কমে দাঁড়ায় ২,৪২১টিতে। শিক্ষার্থীসংখ্যার ক্ষেত্রে অবশ্য পরিকল্পনা বাস্তবায়ন পুরোপুরি সম্ভব হয়েছে। পরিকল্পনা অনুযায়ী প্রতিমাসে প্রতিটি শাখায় শিক্ষিকাদের রিফ্রেশার্স, অভিভাবক সভা ও প্রকৃতি পাঠ নিয়মানুযায়ী পরিচালিত হচ্ছে। তিন স্তরের মনিটরিংও জোরদার করা হয়েছে পরিকল্পনা মোতাবেক (শিক্ষা সুপারভাইজারের মনিটরিং, ব্রাঞ্চ ও এরিয়া ম্যানেজারদের মনিটরিং এবং প্রধান কার্যালয়ের শিসক কর্মকর্তাদের মাঠ পর্যায়ে পরিদর্শন ও অনলাইন মনিটরিং)। শিসকের নানামুখী কর্মকাণ্ডের নথিপত্রের ফাইল এবং শিক্ষালোক ও শিসকসংক্রান্ত বইপত্র সংরক্ষণের জন্য প্রতিটি শাখা অফিসে ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা পুরোপুরি বাস্তবায়িত হয়েছে।

২০১৮-'১৯ অর্থবছরে শিসক অনেক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে যা এ কর্মসূচিকে ভবিষ্যতে আরো সমৃদ্ধ করে তুলবে। ২০১৮ ও ২০১৯এ বর্ষ শুরুর আগেই সে বছরের জন্য শিসক পরিচালনার নীতিমালা প্রণয়ন করে সকল শিক্ষা সুপারভাইজারকে তা অনুসরণ করতে বলা হয়। এতে এ কর্মসূচি আগের চেয়ে আরো অনেক নিয়মনিষ্ঠ হয়ে উঠেছে।



প্রকৃতি পাঠে শিক্ষাকেন্দ্রের শিশুরা

## বর্তমান অবস্থা

২০১৯এর ফেব্রুয়ারি মাসে প্রধান কার্যালয়ে ৬টি ব্যাচে শিক্ষা সুপারভাইজারদের জন্য প্রশিক্ষণ আয়োজন করা হয়। এই প্রশিক্ষণে মনিটরিং, পাঠদান কৌশল, পরিষ্কার-পরিচ্ছন্নতা, প্রকৃতি পাঠ, অভিভাবক সভা, রিফ্রেশার্স ইত্যাদি আরো ফলপ্রসূ করার উপায় ছাড়াও আইটি টিম দিয়ে শিক্ষা সুপারভাইজারদের বিশেষভাবে প্রশিক্ষণ দেয়া হয় অনলাইন রিপোর্টিংয়ের ওপর।

শিক্ষা সুপারভাইজারগণ প্রতিদিন কমপক্ষে দুটি শিক্ষাকেন্দ্র পরিদর্শন তো করছেনই, প্রধান কার্যালয়ের শিসক কর্মকর্তাগণও টেলিফোনে সরাসরি শিক্ষা সুপারভাইজার ও শিক্ষিকাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ করে মনিটর করছেন। সিদীপের ১৬২ট শাখার মধ্যে এ বছর ১২৬টি শাখায় শিক্ষা সহায়তা কর্মসূচি চালু রয়েছে। সুপারভাইজারদের পাঠানো রিপোর্ট অনুযায়ী শিক্ষাকেন্দ্রে মোট শিক্ষার্থী ছিল ৪৯,৭৯৬ জন। এদের ভেতর বালিকা ছিল ২৬,৫৩২ জন এবং বালক ছিল ২৩,২৬৪ জন। শিক্ষা সুপারভাইজারদের রিপোর্ট অনুযায়ী শিক্ষার্থী উপস্থিতির হার ছিল ৮৫%।



# স্বপ্ন বোনার পাঠশালা

গাজীপুরের পোড়াবাড়িতে কাথরা গ্রামে চলে সিদীপের একটি উঠান স্কুল যার শিক্ষিকা শামছুন্নাহার। তিনি শিক্ষিকা হিসেবে নিবেদিত-প্রাণ। তার কাছে যেসব শিশু পড়ে তারা বেশিরভাগই স্কুলের পরীক্ষায় ভাল ফল করে। এর ফলে অভিভাবকগণ খুবই খুশি এবং তারা তাদের ছেলেমেয়েকে এই শিক্ষিকার কাছে পড়াতে চান।

টেক কাথরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিশু শ্রেণিতে পড়ে জুনায়েত। সে স্কুলে ১ম সাময়িক পরীক্ষায় বাংলায় ৭৭, গণিতে ৯৮ ও ইংরেজিতে ৮২ পেয়েছে। একই স্কুলের মীম, মণি ও নুপূরও ১ম সাময়িক পরীক্ষায় ভাল ফল করেছে। জিহান টেক কাথরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ম শ্রেণির ছাত্র, রোল নম্বর ১। স্কুলে ১ম সাময়িক পরীক্ষায় সে বাংলায় ৭৯, গণিতে ৮০ ও ইংরেজিতে ৯০ পেয়েছে। একইভাবে তার সহপাঠী উম্মে আইমানও ভাল রেজাল্ট করেছে। আবার ঐ স্কুলে দ্বিতীয় শ্রেণীতে রাফিয়ার রোল নম্বর ৭ ও হামজার রোল নম্বর ৮।

আল হাজিয়া প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণিতে মিথিলার রোল নম্বর ১। সে স্কুলে ১ম সাময়িক পরীক্ষায় বাংলায়, গণিতে ও ইংরেজিতে পেয়েছে যথাক্রমে ১০০, ৯৭ ও ৯৮। আল হাজিয়া প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতীয় শ্রেণিতে সোহানার রোল নম্বর ১ ও আমেনার রোল নম্বর ৩। প্রথম শ্রেণীর বার্ষিক পরীক্ষায় ও দ্বিতীয় শ্রেণীর সাময়িক পরীক্ষায় তারা দুজনই ভাল ফল করেছে। একই স্কুলের একই ক্লাসের শিক্ষার্থী বৈশাখী ও জেরিন। তারাও প্রত্যেকে বাংলা, গণিত ও ইংরেজির প্রতি বিষয়ে ৮০ নম্বরের উপরে পেয়েছে।

শিক্ষিকা শামছুন্নাহার নিজে সাধারণ দরিদ্র পরিবারের সন্তান। চার বোনের মধ্যে তিনি তৃতীয়। বাবার পক্ষে তাদের লেখাপড়া করানো কষ্টকর হয়ে পড়ে। সেই থেকে তিনি বাবার পাশে দাঁড়ানোর সংকল্প করেন। নিজের পড়াশোনার পাশাপাশি ছোট ছেলেমেয়েদের লেখাপড়া শেখান। শুধু লেখাপড়া শিখানো নয়, তিনি চান তার কাছে যারা পড়ে তারা যেন স্কুলে পরীক্ষায় ভাল ফল করে।

শামছুন্নাহার বলেন, “আমার মূল লক্ষ্য টাকা অর্জন নয়। আমি চাই ভাল শিক্ষা দিতে। আবার শুধু পড়ালে হবে না। শিশুদেরকে হাসি ও খেলার সাথে পড়াতে হবে। ওদের সাথে বন্ধুত্বসুলভ আচরণ করতে হবে। তাহলে প্রত্যেক শিশু ভাল করে পড়া শিখতে পারবে।”

তিনি শিশুদের মাঝে বড় হওয়ার স্বপ্নের বীজ বুনে দেন এভাবে: “আমরা কাজ করি ভাই, মনের সুখে জীবনটাকে গড়তে চাই। স্বপ্ন মোদের বড় হব, লেখাপড়া শিখতে চাই।”

# কলমই হোক জিসানের কণ্ঠস্বর

মা-বাবার অভাবের সংসার। সংসার চালাতে মা-বাবা দুজনকেই কাজ করতে হয় গার্মেন্ট ফ্যাক্টরিতে। ছেলে তাই বেড়ে উঠছে গ্রামে দাদির কাছে। নাম জিসান, একাগ্র চিত্তে লিখছে আর তাকিয়ে তাকিয়ে নিজের লেখা দেখছে। যেভাবে একজন শিল্পী তার আঁকা ছবির দিকে তাকায় ঠিক সেভাবে। সে সিদীপের শিক্ষা সহায়তা কর্মসূচির অধীনে পারিচালিত এক স্কুলের ছাত্র।



তার পাশের বাড়িতে যখন সিদীপ স্কুলের ছোট ছোট শিশুরা পড়তে আসে তখন সে অল্প দূরে দাঁড়িয়ে তাদের দেখত। একদিন ব্রাহ্মণবাড়িয়া জেলায় কুটি এলাকার হায়দ্রাবাদ শাখার শিক্ষা সুপারভাইজার মাহমুদা আক্তার মা-বাবাকে ছেড়ে দাদির কাছে বেড়ে ওঠা জিসানকে জিজ্ঞেস করেন সে স্কুলে যায় কিনা, পড়তে চায় কিনা। জিসান তখন নিরুত্তর। ফ্যালফ্যাল করে তাকিয়ে থাকে, কোন কথারই উত্তর দেয় না।

অন্য ছেলেমেয়েরা বলে, ম্যাডাম, ও তো কথা বলতে পারে না, কানেও শুনে না।

তখন শিক্ষা সুপারভাইজার তাকে ইশারা করে জানতে চান সে লেখাপড়া করতে চায় কিনা। সে মাথা ঝাঁকায়। পরদিন থেকেই পরিপাটি হয়ে সিদীপ স্কুলে আসে এবং মাত্র দু-তিন দিনেই সে লিখতে শিখে ফেলে। এখন দেখে দেখে স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ লিখতে পারে।

তার চোখে এখন হয়তোবা এক অন্যরকম স্বপ্ন। মায়ের ভাষাটা, মনের কথাটা সে বলে বুঝাতে না পারলেও হয়তোবা এই স্কুলের শিক্ষিকা পপি আক্তারের হাত ধরে সে লিখে বুঝাতে সক্ষম হবে। জিসানের জন্য সবার দোয়া, যেনো কলমই তার কণ্ঠস্বর হয়।

# সিদীপ মডার্ন স্কুল

'শিক্ষার্থীদের শুধু পাঠদানই করা হয় না, সাফল্য অর্জনেরও দায়িত্ব নেয়া হয়' বাণীকে বুকে ধারণ করে ২০১৩ সালে ৩টি স্কুল প্রতিষ্ঠার মধ্য দিয়ে সিদীপ মডার্ন স্কুলের যাত্রা শুরু হয়। বর্তমানে ১৯টি ক্যাম্পাসে সৃজনশীল পদ্ধতিতে শিক্ষাদান, আধুনিক ও বিজ্ঞানসম্মত পদ্ধতির প্রবর্তন, সুপ্ত মেধার বিকাশ সাধন, উন্নত মননশীলতা নির্মাণ ইত্যাদি লক্ষ্য নিয়ে সিদীপ মডার্ন স্কুলের ফরমাল শিক্ষা কার্যক্রম চলছে। ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, লক্ষীপুর এই মোট ৮টি জেলায় মডার্ন স্কুল রয়েছে।



| ক্যাম্পাস | শিক্ষক-শিক্ষিকার সংখ্যা | শিক্ষার্থী সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | ছাত্র | ছাত্রী | মোট ছাত্রছাত্রী |
| ১৯টি | ১০৪ | ৭৯৯ | ৮৬০ | ১৬৫৯ |

# সাংস্কৃতিক অনুষ্ঠান ও এক মার্জিয়ার কথা

এবছর ১৯ থেকে ২৪ জানুয়ারি পর্যন্ত সিদীপের সব শিক্ষাকেন্দ্রে 'সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রবীণ সংবর্ধনা' উদযাপিত হয়েছে। কুমিল্লা জেলার শ্রীকাইল, হায়দ্রাবাদ ও দ. বাঙ্গুরা শাখার অনুষ্ঠানসমূহে কবিতা পড়া, দেশাত্মবোধক গান, নৃত্য, যেমন খুশি তেমন সাজো, বাচ্চাদের চকলেট দৌড়, মোরগ লড়াই ইত্যাদি আয়োজিত হয়। কোন কোন অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণও পিলো পাসিংসহ বিভিন্ন খেলায় অংশগ্রহণ করেছেন।



প্রতিটি অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের মাঝে 'সান্ত্বনা পুরস্কার' বিতরণ করা হয়েছে। অনুষ্ঠানে প্রচুর লোক সমাগম হয়েছে এবং সকলে সুশৃঙ্খলভাবে অনুষ্ঠান পরিচালনায় সহযোগিতা করেছেন। প্রতিটি অনুষ্ঠানে এলাকার ছাত্রছাত্রী বয়োবৃদ্ধ নারী ও পুরুষকে ফুলের মালা দিয়ে বরণ করে সম্মান প্রদর্শন করে। এ বিষয়ে তাদের প্রতিক্রিয়ায় দেখা যায়, তারা আবেগতাড়িত হয়ে আয়োজক প্রতিষ্ঠানকে আনন্দাশ্রুমিশ্রিত কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানগুলোতে স্থানীয় স্কুলসমূহের শিক্ষক-শিক্ষিকা, স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছেন এবং অংশগ্রহণকারী প্রত্যেকেই এ ধরনের অনুষ্ঠানকে শিক্ষণীয় ও ছাত্রছাত্রীগণের মেধা বিকাশের জন্য অতীব গুরুত্বপূর্ণ বলে মত প্রকাশ করেন। প্রতি বৎসরেই এ ধরনের অনুষ্ঠান আয়োজনে তারা সার্বিক সহযোগিতা করার আগ্রহ প্রকাশ করেন।

হায়দ্রাবাদ শাখার ফুলঘর গ্রামের একটি অনুষ্ঠানে একজন শিক্ষিকা আনুমানিক ৮/৯ বৎসরের একটি মেয়েকে উপস্থিত অতিথিবৃন্দের সামনে এনে পরিচয় করিয়ে বললেন, মেয়েটির নাম মার্জিয়া, সে শ্রবণ ও বাক-প্রতিবন্ধী। তখনি বিস্ময়ভরা দৃষ্টিতে সবাই তাকিয়ে দেখলো সে এক নৃত্যশিল্পীর সাজে মঞ্চের সামনে দাঁড়ানো। সবাই ভাবছে, সে শ্রবণ ও বাক-প্রতিবন্ধী হলে গান-নৃত্য কিভাবে করবে, আর তা না পারলে নৃত্যশিল্পীর সাজে আসলই বা কেন? তখনও অপেক্ষা, দেখি না কী হয়।

ইতিমধ্যে শিক্ষিকা দূর থেকে মেয়েটির সামনে মোবাইলে নৃত্য চালু করে ধরলেন এবং মোবাইলের নৃত্য দেখে দেখে সে নিজে নজরকাড়া নাচ উপহার দিল। যা দেখে দর্শক সারিতে সবাই হাততালির মাধ্যমে তাকে উৎসাহ দেয়াসহ নিজেরাও ক্ষণিকের জন্য নিজেদেরকে আনন্দের জোয়ারে ভাসালেন যার ঢেউ আশপাশে উপস্থিত সবাইকে যেন এক মোহে নিমজ্জিত করে ফেলে। প্রত্যেকে সেই প্রতিবন্ধী মার্জিয়ার মেধা ও সৃষ্টিশীলতার ভূয়সী প্রশংসা করলো।

এখানে উল্লেখ্য, মার্জিয়া বর্তমানে প্রথম শ্রেণীতে পড়ার জন্য নিয়মিত বারেশ্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আসা-যাওয়া করে এবং এর সাথে সিদীপ শিক্ষাকেন্দ্রেও নিয়মিত লেখাপড়া করতে আসে। জানা গেল, তার আপন ছোট ভাইও তারই মত প্রতিবন্ধী। কতই না দুঃখের গহীনে, সমাজের বিরামহীন পথ চলার আড়ালে-আবডালে মার্জিয়াদের বসবাস! এদের খবর রাখে কে? তবে অনেক প্রশ্নের মাঝেও একটি উত্তর খুঁজে পেয়েছি, সংস্থা হিসেবে সিদীপ এমন অজানা-অচেনা অফুটন্ত শত ফুলের সন্ধান দিতে কাজ করে যাচ্ছে।

# স্বাস্থ্যসেবা কর্মসূচি

বর্তমানে সিদীপের ১০০টি শাখায় স্বাস্থ্যসেবা কর্মসূচি চলমান রয়েছে। উক্ত কর্মসূচি পরিচালনার জন্য মাঠ পর্যায়ে ১০৪ জন উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার কর্মরত রয়েছেন। তাদেরকে বিএমডিসি-র (বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল) নির্দেশনা মোতাবেক প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করতে হয়




সিদীপ স্বাস্থ্যসেবা কর্মসূচি প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য হলো দেশের স্বল্প আয়ের জনগোষ্ঠীর জন্য প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং সিদীপের সদস্য ও তাদের পরিবারের জন্য প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে অবদান রাখা। স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, রোগ প্রতিরোধ এবং আগাম রোগ নির্ণয় ইত্যাদি স্বাস্থ্যসেবা কর্মসূচির অন্যতম কর্মকাণ্ড। বর্তমানে সিদীপের ১০০টি শাখায় স্বাস্থ্যসেবা কর্মসূচি চলমান রয়েছে। উক্ত কর্মসূচি পরিচালনার জন্য মাঠ পর্যায়ে ১০৪ জন উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার কর্মরত রয়েছেন। তাদেরকে বিএমডিসি-র (বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল) নির্দেশনা মোতাবেক প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করতে হয়। ২০১৮ সালের মে মাসে হালনাগাদকৃত এবং অনুমোদিত ৭৩টি ঔষধ অনুসরণ করে তারা প্রাথমিক চিকিৎসা প্রদান করে থাকেন। প্রতিদিন সকাল ৮টার মধ্যে ফিল্ড স্ট্যাটিক ক্লিনিক আয়োজন করে সদস্যদের স্বাস্থ্যসেবা প্রদানের জন্য তারা ক্ষুদ্রঋণ সমিতিতে যান এবং শাখায় ঋণ বিতরণকালে সময়ে (দুপুর ১২টা হতে ৩টা) অফিসে উপস্থিত থেকে গ্রাহকদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করেন। বিকাল সাড়ে ৩টা থেকে অফিসে অবস্থান করে পুনরায় শাখা পর্যায়ে ব্রাঞ্চ স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে সেবা গ্রহীতাদের চিকিৎসা সেবা দিয়ে থাকেন।

এছাড়াও বর্তমানে ৪৩টি শাখায় ২১৫ জন হেলথ ভলান্টিয়ার কর্মরত আছেন। মাঠ পর্যায়ে তারা নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে নিজ কর্ম এলাকায় সিদীপ স্বাস্থ্য সেবা কর্মসূচির বিভিন্ন বিষয় তুলে ধরছেন এবং গ্রামের মানুষের মাঝে স্বাস্থ্য সচেতনতা সৃষ্টি করেন। তাদের মূল কার্যক্রম হলো বাড়িবাড়ি ঘুরে ডায়াবেটিস টেস্ট (Blood Glucose Monitoring) করা, গর্ভধারণ সনাক্ত করা (Pregnancy Test), রে-থেরাপি (Ray Therapy) দেয়া ইত্যাদি প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যসমূহ সম্পাদন করা। তারা পাশাপাশি বিনামূল্যে রোগীদের দৈহিক ওজন নিয়ে থাকেন, গায়ের তাপমাত্রা ও ব্লাড প্রেসার রেকর্ড করেন।

২০১৮-'১৯ অর্থবছরে স্বাস্থ্যসেবা কর্মসূচির আওতায় ৪,৩৮,১৯৩ জন রোগী দেখা হয়েছে যার মধ্যে মহিলা রোগীর সংখ্যা ৩,৬২,৩৯১ এবং পুরুষ রোগীর সংখ্যা ৭৫,৮০২, অনূর্ধ্ব ১২ বছরের শিশুর সংখ্যা ২২,৬৯০। রোগীদের মধ্যে সিদীপের সদস্য ৩,৩১,৯৫৫ জন, পরিবারের সদস্য ১,০৫,৬৭৩ জন আর সদস্য নন এমন রোগী ৪১৫ জন। উক্ত রোগীদের মধ্যে ব্রাঞ্চ স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে ১,৫৬,৯৬৮ জন, ফিল্ড স্ট্যাটিকের মাধ্যমে ২,৬৪,৪০৭ জন এবং স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে ১৬,৮১৮ জন সেবা গ্রহণ করেন।



এ অর্থবছরে সিদীপের নতুন ১০টি শাখায় ১০ জন উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার নিয়োগপূর্বক স্বাস্থ্যসেবা কর্মসূচি সম্প্রসারণ করার পরিকল্পনা সম্পূর্ণ বাস্তবায়ন করা সম্ভব হয়েছে, পাশাপাশি ২০টি শাখায় ১০০ জন হেলথ ভলান্টিয়ার নিয়োগের পরিকল্পনাও প্রায় শতভাগ নিশ্চিত হয়েছে।

২০১৮-১৯ অর্থবছরে সিদীপ স্বাস্থ্যসেবা কর্তৃক আয়োজিত বিভিন্ন ক্লিনিকে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা




২০১৮-১৯ অর্থবছরে সিদীপে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রাপ্ত মহিলা ও পুরুষ রোগীর অনুপাত




২০১৮-১৯ অর্থবছরে স্বাস্থ্যসেবা কর্মসূচির আওতায় বিভিন্ন শাখায় ১২,৮৬০ জন জ্বরের রোগী, ৩,৯০১ জন ডায়রিয়া রোগী, ৩২,২৬৬ জন পেপটিক আলসার রোগী, ২৯,০৭৪ জন উচ্চ রক্তচাপের রোগী, ১০,৪৩২ জন ডায়াবেটিস রোগী, ২৮,৬০৫ জন কোমর ব্যথার রোগী এবং ২,১৮৮ জন প্রসূতি মা প্রাথমিক স্বাস্থ্যসেবা গ্রহণ করেন।

উল্লেখ্য যে, সিদীপে কর্মরত ২ জন অপ্টোমেট্রিস্ট দ্বারা পরিচালিত চক্ষু ক্যাম্প করে বিগত অর্থবছরে ৪০১৬ জন চক্ষুরোগীর প্রাথমিক চক্ষু সেবা প্রদান করা হয়। এদের চক্ষুসমস্যা হলো দৃষ্টিজনিত ত্রুটি, কনজাংটিভাইটিস, ডেক্রেসিসটাইটিস, গ্লুকোমা ও চোখের ছানি। তাদের ১,৩১৪ জনকে চশমা প্রদান করা হয় এবং ৭৩৫ জন ক্যাটারেক্ট (চোখের ছানি) রোগীকে ছানি অপারেশনের জন্য চক্ষু হাসপাতালে প্রেরণ করা হয়।

পরীক্ষামূলকভাবে সিদীপের সোনারগাঁ শাখায় টেলিমেডিসিনের মাধ্যমে বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক টেলিডার্মা কার্যক্রম চালু হয়েছে। প্রথম দিন ১০ জন চর্মরোগীকে সিদীপ প্রধান কার্যালয় থেকে টেলিকনফারেন্সের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক প্রফেসর ডা. নার্গিস আক্তার চিকিৎসা সেবা প্রদান করেন।

# সমৃদ্ধি কর্মসূচি

"দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)" কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এটি একটি বহুমাত্রিক প্রয়াস যার মূল চেতনা 'উন্নয়নের কেন্দ্রে মানুষ', এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো দেশের প্রত্যন্ত এলাকার দরিদ্র পরিবারগুলোর টেকসই উন্নয়ন ও সামগ্রিক দারিদ্র্য দূরীকরণ নিশ্চিত করা

পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশনের (পিকেএসএফ) সহায়তায় ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলায় সিদীপের চারগাছ শাখার আওতাধীন মূলগ্রাম ইউনিয়নে এবং একই জেলার নবীনগর উপজেলায় সিদীপের রতনপুর শাখার আওতাধীন রতনপুর ইউনিয়নে "দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)" কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এটি একটি বহুমাত্রিক প্রয়াস যার মূল চেতনা 'উন্নয়নের কেন্দ্রে মানুষ।' এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো দেশের প্রত্যন্ত এলাকার দরিদ্র পরিবারগুলোর টেকসই উন্নয়ন ও সামগ্রিক দারিদ্র্য দূরীকরণ নিশ্চিত করা। এ লক্ষ্যে উল্লিখিত দুটি ইউনিয়নে স্বাস্থ্যসেবা, পুষ্টি, শিক্ষা সহায়তা, সামাজিক উন্নয়ন এবং সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। মানুষকে উন্নয়নের কেন্দ্রে রেখে যেসব কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা হলো:



## শিক্ষা কার্যক্রম

নিরক্ষর ও দরিদ্র পরিবারের শিশু সন্তান যারা শিশু শ্রেণি থেকে ২য় শ্রেণি পর্যন্ত লেখাপড়া করে তাদের শিক্ষায় সহায়তার উদ্দেশ্যে ২০১৮-১৯ অর্থবছরে মূলগ্রাম ইউনিয়নের ১৭টি গ্রামে মোট ৩০টি শিক্ষাকেন্দ্র পরিচালনার মাধ্যমে মোট ৭৮৩ জন এবং রতনপুর ইউনিয়নের ১৪টি গ্রামে মোট ৩০টি শিক্ষাকেন্দ্র পরিচালনার মাধ্যমে মোট ৭৬৯ জন পিছিয়ে পড়া দরিদ্র পরিবারের শিশু শিক্ষার সুযোগ পাচ্ছে যাতে তারা প্রতিদিনের স্কুলের পড়া প্রতিদিনই তৈরি করতে পারে। ২ জন শিক্ষা সুপারভাইজার ও ১ জন সমাজ উন্নয়ন কর্মকর্তা এ কার্যক্রম নিয়মিত পরিদর্শন ও মূল্যায়ন করেন। মূলগ্রাম ও রতনপুর ইউনিয়নের শিক্ষাকেন্দ্রগুলোয় মাসিক গড় উপস্থিতি যথাক্রমে প্রায় ৯৪% ও ৮১%।

## স্বাস্থ্যসেবা কার্যক্রম

মূলগাম ইউনিয়নে ১৭টি গ্রামে মোট ৯,৩৫১টি এবং রতনপুর ইউনিয়নে ১৪টি গ্রামে মোট ৬,৮১১টি পরিবারের বসবাস। মূলগ্রাম ইউনিয়নে ১৮ জন এবং রতনপুর ইউনিয়নে ১৪ জন স্বাস্থ্য পরিদর্শক প্রতিদিন ২০-২৫টি পরিবার পরিদর্শন করেন। তারা টিকা গ্রহণ, বাল্য বিবাহের কুফল, যৌতুক গ্রহণ ও বহু বিবাহের কুফল, গর্ভবতী পরিচর্যা, শিশুর যত্ন নেওয়া, শিশু শিক্ষা প্রভৃতি বিষয়ে মানুষকে সচেতন করেন।

মূলগ্রাম ইউনিয়নে মোট ৯৬টি এবং রতনপুর ইউনিয়নে মোট ৮৫টি স্যাটেলাইট ক্লিনিক পরিচালনা করা হয়। একজন বিশেষজ্ঞ ডাক্তার গ্রাম পর্যায়ে সুবিধাজনক স্থানে ক্যাম্পের মাধ্যমে রোগীদের সেবা প্রদান করেন।

প্রতিটি ইউনিয়নে একজন বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা ৪টি করে সাধারণ স্বাস্থ্যক্যাম্প আয়োজনের মাধ্যমে মূলগ্রাম ইউনিয়নে মোট ৯১৫ জন এবং রতনপুর ইউনিয়নে ৬৯৫ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। এছাড়া প্রতিটি ইউনিয়নে ২ জন স্বাস্থ্য কর্মকর্তার (উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার) মাধ্যমে মূলগ্রাম ইউনিয়নে মোট ৪,২৩৬ জন ও রতনপুর ইউনিয়নে মোট ২,২৪০ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

সাধারণ চিকিৎসা সেবার পাশাপাশি প্রতিটি ইউনিয়নে ১টি করে চক্ষুক্যাম্প আয়োজনের মাধ্যমে মূলগ্রাম ইউনিয়নে ২৪২ জন এবং রতনপুর ইউনিয়নে ৮১ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ প্রদান করা হয়। চক্ষু চিকিৎসা শিবির আয়োজন করে মূলগ্রাম ইউনিয়নে ২৬ জন ও রতনপুর ইউনিয়নে ১৫ জনের ছানি অপারেশন করা হয়।

স্বাস্থ্যসেবা কার্যক্রমের আওতায় মূলগ্রাম ইউনিয়নে ৪,৯০৬ জন এবং রতনপুর ইউনিয়নে ৩,১৮০ জন রোগীর ডায়াবেটিস টেস্ট করা হয় এবং তাদেরকে সুস্থ থাকার জন্য বিভিন্ন পরামর্শ দেয়া হয়।

প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে ১০০টি অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে স্যানিটারি ল্যাট্রিন বিতরণ করা হয়। প্রতিটি ইউনিয়নে ৮টি করে (৪টি সমৃদ্ধি কেন্দ্রঘরে ও ৮টি প্রতিষ্ঠান পর্যায়ে) টিউবওয়েল স্থাপন করা হয়েছে।



## অন্যান্য কার্যক্রম

কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তার লক্ষ্যে দুটি ইউনিয়নে ৫০টি করে ভার্মি কম্পোস্ট প্লান্ট স্থাপন করা হয়।

ভিক্ষুকদের সমাজে প্রতিষ্ঠা করার লক্ষ্যে এ অর্থবছরে রতনপুর ইউনিয়নে ২ জনকে পুনর্বাসন করা হয়। পুনর্বাসনের অংশ হিসেবে প্রত্যেককে ২ কানি (৬০ শতক) জমি বন্ধক, বকনা গরু/ছাগল এবং ১টি অটো রিকশা প্রদান করা হয়।

যুব সমাজকে সঠিকপথে পরিচালনার জন্য সমৃদ্ধি কর্মসূচির আওতায় যুব সমাজের "আত্ম উপলব্ধি, নেতৃত্ব বিকাশ ও করণীয় নির্ধারণ" শীর্ষক ২ দিনব্যাপি ভিডিওভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা হয়।



যে সমস্ত পরিবারে প্রতিবন্ধী সদস্য আছে এমন পরিবারের সদস্যকে বিশেষ সঞ্চয় কার্যক্রমের আওতাভুক্ত করা হয়েছে। মূলগ্রাম ইউনিয়নে মোট ৫ জন সদস্যকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ অর্থবছরে মোট ৮০ হাজার টাকা জমা হয়েছে।

গত ১ জুলাই ২০১৮ থেকে সংস্থার চারগাছ শাখার আওতায় মূলগ্রাম ইউনিয়নে ও রতনপুর শাখার আওতায় রতনপুর ইউনিয়নে সমৃদ্ধির অধীনে 'প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন' কর্মসূচি পরিচালিত হচ্ছে। উক্ত কর্মসূচির আওতায় প্রবীণদের মর্যাদাপূর্ণ, দারিদ্র্যমুক্ত, কর্মময়, সুস্বাস্থ্য ও নিরাপদ সামাজিক জীবন নিশ্চিত করতে বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩-এর সাথে সঙ্গতি রেখে প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

# গবেষণা ও প্রকাশনা

দুটি বৃহৎ কর্মসূচি সফলভাবে
পরিচালনা করা সম্ভব হচ্ছে ক্ষুদ্রঋণ
কার্যক্রমের জন্য বিদ্যমান কাঠামোর
ওপর ভর করার ফলে। মাঠ পর্যায়ে
প্রয়োগ করতে গিয়ে ভুল থেকে শিক্ষা
গ্রহণের প্রক্রিয়ার মধ্য দিয়ে এ ধরনের
কর্মসূচি পরিচালনা করার উপযোগী
একটা ব্যবস্থাপনা কাঠামো ইতিমধ্যে
সংস্থায় তৈরি হয়েছে

# গবেষণা

## ১. শিক্ষা সহায়তা কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা

সিদীপের শিক্ষা সহায়তা কর্মসূচির অগ্রগতি নিয়ে Education Support Programme of CDIP শীর্ষক একটি অনুসন্ধানী পর্যালোচনা করেছেন লেখক-গবেষক ফজলুল বারি। শিসকের জুলাই ২০১৭ থেকে জুন ২০১৮ পর্যন্ত শিক্ষা সুপারভাইজারদের কাছ থেকে অনলাইনে প্রাপ্ত মাসিক রিপোর্টের ভিত্তিতে প্রাপ্ত তথ্যসমূহ নিয়ে এ পর্যালোচনাটি করা হয়েছে। এ অনুসন্ধানী প্রতিবেদন থেকে দেখা যায়, ১৮টি জেলায় সিদীপের ২৪টি এরিয়ার শিক্ষাকেন্দ্রে একমাত্র ব্রাহ্মণবাড়িয়া ও কুমিল্লার অন্তর্গত কুটি এরিয়া বাদে প্রত্যেকটি এরিয়ায় মেয়েশিশু শিক্ষার্থীর সংখ্যা ছেলেশিশু শিক্ষার্থীর চেয়ে বেশি। প্রতিবেদনটিতে দেখা যায় যে, সিদীপ শিক্ষাকেন্দ্রে ১ জন শিক্ষিকা গড়ে ১৯ জন শিশুকে পাঠে সহায়তা দান করেন যার মধ্যে গড়ে ৯ জন বালক ও ১০ জন বালিকা।



প্রতিবেদনে দেখা যায়, উক্ত অর্থবছরে সিদীপ সদস্যদের সন্তান ছিল মোট শিক্ষার্থীর ২০.৩২%। অভিভাবক সভায় উপস্থিতির হার ছিল ৬০%। প্রতিবেদনটিতে সুপারিশ করা হয়েছে শিক্ষিকাদের মানোন্নয়নের জন্য উদ্যোগ গ্রহণের। শিক্ষাকেন্দ্র নিয়ে এ পর্যালোচনাটি সিদীপের Education and Development KEYNOTES-এর জুন ২০১৯ সংখ্যায় প্রকাশিত হয়েছে।

## ২. অন্তর্ভুক্তিমূলক ও মানসম্মত শিক্ষার জন্য ব্যতিক্রমী উদ্যোগ

সিদীপের শিক্ষা সহায়তা কর্মসূচি সার্বিক প্রাথমিক শিক্ষার লক্ষ্যের সঙ্গে কীভাবে সামঞ্জস্যপূর্ণ ও মূলধারায় শিক্ষার অগ্রগতিতে কী ভূমিকা রাখছে এবং এর বিস্তৃতির প্রয়োজনীয়তা নিয়ে একটি বর্ণনাধর্মী অনুসন্ধানী বই লেখেন উন্নয়ন-চিন্তক শাহজাহান ভূঁইয়া। An Educational Approach to Inclusion and Quality Improvement শীর্ষক এ বইতে তিনি অন্তর্ভুক্তিমূলক ও মানসম্মত শিক্ষার জাতীয় লক্ষ্য এবং আন্তর্জাতিক টেকসই উন্নয়নের চতুর্থ লক্ষ্য (SDG: 4) পূরণে সিদীপের উঠান স্কুল কার্যক্রমের সহায়তাকারী ভূমিকার বিস্তারিত বর্ণনা করেছেন।

## ৩. আর্থিক সেবা কাঠামোর কাঁধেভর করা প্রাথমিক স্বাস্থ্য ও শিক্ষা কর্মসূচি

ক্ষুদ্রঋণ সেবা কাঠামোর কাঁধেভর করে সিদীপ ১০০টি শাখায় প্রাথমিক স্বাস্থ্যসেবা ও ১২৬টি শাখায় শিক্ষা সহায়তা কর্মসূচি পরিচালনা করছে। উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসারদের (SACMO) দ্বারা পরিচালিত প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচিটি আর্থিকভাবে স্বয়ংসম্পূর্ণ। অন্যদিকে শিক্ষা সহায়তা কর্মসূচিটি স্বল্পখরচে পরিচালিত একটি সামাজিক আন্দোলনস্বরূপ যেখানে সংস্থা ছাড়াও গ্রামীণ জনগোষ্ঠির সক্রিয় অংশগ্রহণ রয়েছে। কিন্তু এ দুটি বৃহৎ কর্মসূচি সফলভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে ক্ষুদ্রঋণ কার্যক্রমের জন্য বিদ্যমান কাঠামোর ওপর ভর করার ফলে। মাঠ পর্যায়ে প্রয়োগ করতে গিয়ে ভুল থেকে শিক্ষা গ্রহণের প্রক্রিয়ার মধ্য দিয়ে এ ধরনের কর্মসূচি পরিচালনা করার উপযোগী একটা ব্যবস্থাপনা কাঠামো ইতিমধ্যে সংস্থায় তৈরি হয়েছে। শিক্ষা-স্বাস্থ্যসহ আরও সামাজিক কর্মসূচি সফলভাবে পরিচালনা করার একটা মডেল উদ্ভূত হয়েছে যা আগ্রহী যেকোনো সংস্থার জন্যও অনুসরণযোগ্য হতে পারে। লেখক-গবেষক শাহজাহান ভূঁইয়া এবং সংস্থার গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা আলমগীর খান যৌথভাবে Financial Inclusion Enabling Piggyback Primary Health Care And Education Support Services শীর্ষক একটি গবেষণা পরিচালনা করেছেন। তাদের এ প্রতিবেদনটি Institute for Inclusive Finance and Development (InM) ও FIN-B আয়োজিত 1st International FIN-B Financial Inclusion Conference and Inclusion Fair 2019-এ উপস্থাপনের জন্য InM-এ জমা দেয়া হয়েছে।

# প্রকাশনা

চলতি অর্থবছরে সিদীপের নিম্নলিখিত প্রকাশনাসমূহ হয়েছে:

## সিদীপ সংবাদ



